

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৮৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৭৫]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (کتاب الأمور المنهى عنها)

পরিচ্ছেদঃ ২৭৩ : মুসলিমদেরকে তুচ্ছ জ্ঞান করা হারাম

(273) بَابُ تَحْرِيْمِ إِحْتِقَارِ الْمُسْلِمِيْنَ

আরবী

وَعَنِ ابنِ مَسعُودٍ رضي الله عنه عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم، قَالَ: «لاَ يَدْخُلُ الجَنَّةَ مَنْ كَانَ فِي قَلْبِهِ مِثْقَالُ ذَرَّةٍ مِنْ كِبْرٍ» فَقَالَ رَجُلُّ: إِنَّ الرَّجُلَ يُحِبُّ أَنْ يَكُونَ ثَوْبُهُ حَسَناً، وَنَعْلُهُ حَسَنةً، فَقَالَ: «إِنَّ اللهَ جَمِيلٌ يُحِبُّ الجَمَالَ، الكِبْرُ: بَطَرُ الحَقِّ، وَغَمْطُ النَّاسِ». رواه مسلم

বাংলা

২/১৫৮৩। ইবনে মাসঊদ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''যার অন্তরে অণু পরিমাণও অহংকার থাকবে, সে জান্নাতে প্রবেশ করবে না।'' [এ কথা শুনে] এক ব্যক্তি জিজ্ঞাসা করল, 'মানুষ তো পছন্দ করে যে, তার কাপড়-চোপড় সুন্দর হোক, তার জুতা সুন্দর হোক, [তাহলে সেটাও কি অহংকারের মধ্যে গণ্য হবে?]' তিনি বললেন, ''নিশ্চয় আল্লাহ সুন্দর, তিনি সৌন্দর্য ভালবাসেন। অহংকার হচ্ছে সত্যকে প্রত্যাখ্যান করা ও মানুষকে তুচ্ছজ্ঞান করা।'' (মুসলিম, হাদিসটি 'অহংকার' পরিচ্ছেদে ৬১৭ নম্বরে উল্লিখিত হয়েছে।) [1]

English

(273) Chapter: Prohibition of Despising Muslims

Ibn Mas'ud (May Allah be pleased with him) said:

The Prophet (ﷺ) said, "The haughty, even with pride equal to a mustard seed in his heart, will not enter Jannah." A man enquired: "What about that a person likes fine dress and fine shoes?" He said: "Allah is Beautiful and likes beauty. Pride amounts to disclaiming truth out of self- esteem, and despising people."

[Muslim].



Commentary: This Hadith has already been mentioned (Hadith No. 216). Imam An-Nawawi has interpreted the words "Batar-ul-Haq" as "Daf`-ul-Haq" that is to evade the truth and return it to the person who says it, which practically means evasion. To dress well does not come in the category of pride, as people generally consider it. In fact, pride constitutes what is mentioned in this Hadith.

ফুটনোট

[1] মুসলিম ৯১, তিরমিয়ী ১৯৯৮, ১৯৯৯, আবূ দাউদ ৪০৯১, ইবনু মাজাহ ৫৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন